# নিউটাউন এএ-১বি সর্বজনীন দুর্গোৎসব কমিটি ২০১৮

পৃষ্ঠপোষকতায় **নিউটাউন ১বি ব্লক ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশন**

সুজনেষু,

নগরীতে কাশফুল ফুটুক না ফুটুক আজ শরৎ। আসন্ন শারদোৎসবের মিলন-বার্তা আপনার-আমার নিউটাউন ১বি-র নবম বর্ষের শারদ-উদযাপনের প্রাঙ্গনে পৌঁছেছে তার নিজস্ব উদ্ভাসী ধারাবাহিকতায়। দুর্গাপূজা থেকে শ্যামাপূজা পর্যন্ত শারদোৎসবের পরিসরে আমরা অবশ্যই থাকছি সঙ্গীত নৃত্য নাটক আবৃত্তি ইন্দ্রজাল-সহ বহুধা প্রকরণে। সোল্লাসে আমরা থাকছি একসঙ্গে খাওয়াদাওয়ায় ষষ্ঠী সন্ধ্যা থেকে বিজয়া-সন্ধ্যা অবধি। সুষ্ঠু পরিচালনার স্বার্থে ইতিমধ্যেই ১বি পূজা কমিটির সাধারণ সভা এবং কার্যকরী সমিতির সভা অনুষ্ঠিত হয়েছে গত ২১ ও ২৮শে জুলাই। এখন চলছে বিভিন্ন বিভাগীয় কমিটির সভা। প্রস্তুতি চলছে অনুষ্ঠানাদির মহড়া শুরুর লক্ষ্যে।

নিজেদের দৈনন্দিন পেশাগত বাধকতার বাইরে আমাদের সবাইকে তাই দিতে হচ্ছে কিছুটা করে সময়। আপনিও আসুন না আপনার কিছুটা সময় নিয়ে, কিছু ভাবনা নিয়ে, কিছু সক্রিয়তা নিয়ে, যদি সম্ভব হয় বিজ্ঞাপন / অনুদান / স্পনসরশিপ ইত্যাদিতে কিছুটা সহায়তার আশ্বাস নিয়ে। প্রাসঙ্গিকভাবেই জানিয়ে রাখি বাজারমূল্য ইত্যাদির সঙ্গে সামঞ্জস্য রাখতে সর্বসম্মতিক্রমে পূজায় পরিবার-পিছু চাঁদা ধার্য হয়েছে ৩০০০ টাকা, বিগত পাঁচ বছর যা বাঁধা ছিল ২৫০০ টাকায়। এর মধ্যে অবশ্যই ধরা থাকছে সপরিবার সম্মিলিত খাওয়াদাওয়া। অতিথির (বা কেয়ারটেকারের) জন্য মিল-পিছু বিনিময়মূল্য ১০০ থেকে বাড়িয়ে ১৫০ টাকা ধার্য হয়েছে। আমরা নিশ্চিত এই অতিরিক্ত আর্থিক দায়বদ্ধতাকে আপনি মানিয়ে নেবেন নিজগুণে। গত বছরের মত এবারেও শুধুমাত্র অসুস্থতা বা জরুরি কারণে যারা মণ্ডপে আসতে পারবেন না তাদের জন্য দ্বিপ্রহর/নৈশ আহারের সীমিত সংখ্যক প্যাকেটের ব্যবস্থা থাকবে (প্যাকেজিং-এর জন্য কিছু অতিরিক্ত মূল্যে), যদিও একসঙ্গে খাওয়াদাওয়াই আমাদের মিলনোৎসবের অন্যতম প্রধান অভিপ্রায়। আমাদের সদস্যরা তাদের পেশার সময়ের বাইরে সন্ধ্যায় বা ছুটির দিনগুলিতে পৌঁছে যাবেন আপনার সদরে। আমরা ঐকান্তিকভাবে চাই – আপনিও আসুন আমাদের সঙ্গে। ভালো লাগবে আপনার বন্ধুপ্রতিম সঙ্গ। সারাবছরের একঢালা জীবনচর্যার বাইরে এই শারদোৎসব ও তার প্রস্তুতিপর্বের দিনগুলোতেইতো সুযোগ কয়েকটা দিন একসঙ্গে যাপনের। ভালো থাকুন নিরন্তর ।

বিনীত

| | |
|---|---|
| সঞ্জয় মিত্র | মানস চক্রবর্তী |
| সভাপতি | সম্পাদক |

নিউটাউন এএ-১বি সর্বজনীন দুর্গোৎসব কমিটি ২০১৮

**পূজা-অঙ্গন: সোনার কেল্লা উদ্যান , স্ট্রীট নং ১৪৬, বিএ ব্লক, নিউটাউন অ্যাকশন এরিয়া-১বি**